"শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.wewb.gov.bd

নম্বর-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.২০২২.৩৮ তারিখ: ৫৮ সেপ্টেম্বর ২০২২

বিষয় : জুলাই ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সম্মেলন কক্ষ (লেভেল-০৯), প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।

তারিখ ও সময় : ৩০ আগস্ট ২০২২, বুধবার, বেলা-০৯.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। সভার কার্যবিবরণীতে কারো কোন আপত্তি না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	প্রশাসনিক কার্যক্রম ও শাখা রেজিস্টার সংরক্ষণ সংক্রান্ত।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, এটা অত্যন্ত গুরুত্বপূর্ন, সরকারী অন্যান্য দপ্তরের ন্যায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিভিন্ন শাখায় সচিবালয় নির্দেশমালা অনুযায়ী বিভিন্ন ধরণের রেজিস্টার মেইনটেইনের বাধ্যবাধকতা থাকা দরকার। যেমন-পত্র প্রাপ্তি, পত্র জারী, নথি নিষ্পত্তি রেজিস্টার ইত্যাদি দাপ্তরিক কাজের স্বচ্ছতা, জবাবদিহিতার স্বার্থেই এই রেজিস্টারের প্রয়োজন রয়েছে। তাই সকল শাখায় আবশ্যিকভাবে রেজিস্টারসমূহ মেইনটেইন করার বিষয়ে মতামত ব্যক্ত করেন।	সচিবালয় নির্দেশমালা অনুযায়ী আবশ্যিকভাবে সকল শাখায় রেজিস্টারসমূহ মেইনটেইন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
২.০	আর্থিক অনুদান, মৃত্যুজনিত ক্ষতিপূরণ ও বকেয়া পাওনা সংক্রান্ত পেন্ডিং নথি দ্রুত নিষ্পত্তিকরণ।	কল্যাণ বোর্ডের কার্যক্রমই মূলত অভিবাসী কর্মী এবং তাঁর পরিবারের কল্যাণ সাধন। সে প্রেক্ষিতে তাদের পরিবারকে দ্রুত আর্থিক অনুদান প্রদান, মৃত্যুজনিত ক্ষতিপূরণ ও বকেয়া পাওনার বিষয়ে নিশ্চত করতে হবে। সভাপতি এ বিষয়ে জোর দেন। পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) বলেন যে, আর্থিক অনুদান, মৃত্যুজনিত ক্ষতিপূরণ ও বকেয়া পাওনা সংক্রান্ত বিষয়ে ইতোপূর্বে ০৬ টি দূতাবাসের সাথে জুম মিটিং এর মাধ্যমে সভা সম্পন্ন হওয়ায় কাজটি বেশ গতি পেয়েছে। পরবর্তীতে জুম মিটিং না হওয়াতে এ সংক্রান্ত কাজের প্রক্রিয়া স্থবির হয়ে পড়ে। প্রবাসী	প্রতিমাসে ০১ টি জুম মিটিং আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও সিস্টেম এনালিষ্ট

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
		কর্মীদের মৃত্যুজনিত ক্ষতিপুরণের অর্থ আদায়ের কাজ তরান্বিত করার লক্ষ্যে পর্যায়ক্রমে প্রতিমাসে অন্তত ০১ টি জুম মিটিং আয়োজন করা যেতে পারে। ফলে দূতাবাসগুলির সাথে এ বোর্ডের মহাপরিচালক ও পরিচালক বৃন্দের মিথস্ক্রিয়া তৈরী হবে, তাতে পারস্পারিক কাজের সুবিধাও তৈরী হবে মর্মে মতামত ব্যক্ত করেন।		
৩.০	আর্থিক অনুদান, মৃত্যুজনিত ক্ষতিপূরণ ও বকেয়া পাওনা সংক্রান্ত পেন্ডিং নথি ERP তে এন্ট্রিকরণ সংক্রান্ত।	এ বিষয়ে পরিচালক (অর্থ ও কল্যাণ) এবং পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) জানতে চান, সেপ্রেক্ষিতে সিস্টেম এনালিষ্ট জানান, ইতোমধ্যে সকল শাখার আর্থিক অনুদানের চাহিদাপত্র ERP এর মাধ্যমে ডিইএমওতে প্রেরণ সম্পন্ন হয়েছে। পরিচালক (অর্থ ও কল্যাণ) বলেন, শুধুমাত্র আর্থিক অনুদানই নয়, ক্ষতিপূরণ আদায়ের জন্য Power of Attorney, H-FORM, FAS-FORM প্রেরিত নথিসমূহের তালিকা ERP তে এন্ট্রি থাকতে হবে। এ ছাড়াও প্রাথমিকভাবে সৌদি আরব, মালয়েশিয়া, দুবাই, আবুধাবি ও ওমান দূতাবাসকে ERP এর আওতায় আনার বিষয়ে আলোচনা করেন।	ক্ষতিপূরণ আদায়ের জন্য Power of Attorney, H-FORM, FAS-FORM প্রেরিত নথিসমূহের তালিকা ERP তে এন্ট্রি থাকতে হবে এবং প্রাথমিকভাবে এই কাজটি সৌদি আরব, মালয়েশিয়া, দুবাই, আবুধাবি ও ওমান দূতাবাসকে ERP এর আওতায় আনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও সিস্টেম এনালিষ্ট
৪.০	আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত সভা।	উপ পরিচালক (কল্যাণ) সভাকে অবহিত করেন যে, আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালার বিষয়ে পরিচালক (অর্থ ও কল্যাণ) এর সাথে আলোচনাক্রমে ২২-০৮-২০২২ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় তিনি সংশোধিত নীতিমালা বিষয়ে সকলের মতামত গ্রহণ করেন এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।	বিষয়টি সভাকে অবহিত করা হলো।	পরিচালক (অর্থ ও কল্যাণ)
৫.০	RAISE প্রজেক্ট এর কার্যক্রমের অগ্রগতির বিষয়ে অবহিতকরণ।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) বোর্ডের RAISE প্রজেক্টের হালনাগাদ অবস্থা এবং অগ্রগতি সম্পর্কে সভাকে অবগত করার অনুরোধ জানান। সে প্রেক্ষিতে প্রজেক্ট ডিরেক্টর (PD) প্রজেক্টের কর্মকান্ড এবং বর্তমান অবস্থা সভায় তুলে ধরেন। জানা যায় যে, প্রজেক্টের আওতায় ০৩ (তিন) জন বিশেষজ্ঞ নিয়োগের প্রক্রিয়া চুড়ান্ত পর্যায়ে আছে, যথা: Procurement Specialist, Financial Management Specialist, Safe Gaurd Specialis. অন্যদিকে জনবল নিয়োগ সংক্রান্ত ফার্ম সিলেকশন প্রক্রিয়াও প্রাথমিক পর্যায়ে রয়েছে। প্রজেক্ট ডিরেক্টর (PD) জানান আগামী অক্টোবর	এ বিষয়ে মাঠ পর্যায়ে অফিস স্থান নির্বাচনের জন্য প্রয়োজনে সরেজমিনে ৩০ টি জেলায় ভিজিট করে স্থান নির্বাচনের কাজটি এখনই পর্যায়ক্রমে শুরু করতে হবে।	প্রজেক্ট ডাইরেক্টর (PD)

ক্রঃ	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
		২০২২ এর মধ্যে ফার্ম নিয়োগের প্রক্রিয়া সম্পন্ন হবে; পাশাপাশি মাঠ পর্যায়ে অফিস SETUP এবং লোকবল নিয়োগ করা সম্ভব হতে পারে। এ প্রসঙ্গে সভাপতি নির্দেশনা প্রদান করেন যে, লোকবল নিয়োগের ফার্ম নির্বাচনের কাজ এবং মাঠ পর্যায়ে ওয়েল ফেয়ার সেন্টার স্থাপনের জন্য সুবিধাজনক স্থান নির্বাচনের কাজ দুটি একই সাথে চলমান থাকতে হবে। অন্যথায়, ফার্ম নিয়োগ সম্পন্ন হবার পর অফিস স্থান নির্বাচনে পুনরায় দেরী হয়ে যাবার আশংকা রয়েছে।		
৬.০	ডায়াসপোরার কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ।	এ প্রকল্পের বর্তমান অবস্থা ও এর অগ্রগতি সম্পর্কে প্রতি সমন্বয় সভায় অবহিত করার দরকার আছে বলে প্রকল্প পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) মতামত দেন। তিনি জানান গত ০৮ জুন ২০২২ এই প্রকল্প IFAD কর্তৃক ১ কোটি ২৪ লক্ষ ৯৯ হাজার টাকা (১ লক্ষ ২৯ হাজার ৮ শত ৫০ ইউরো) ছাড় করা হয়েছে। বর্তমানে ভেন্ডর নিয়োগের জন্য RFP'র খসড়া IFAD এ দাখিল করা আছে। এখন IFAD এর সফটওয়ারে ভেন্ডর নিয়োগের জন্য RFP' আপলোড করতে হবে। একই সাথে ২০২১-২০২২ এর AWPB দাখিল করতে হবে এবং সফটওয়ারে এন্ট্রি দিতে হবে।	এ প্রকল্পের অগ্রগতি সম্পর্কে প্রতি সমন্বয় সভায় অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭/৭/২২

(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

অনুলিপিজ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব,প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়,ঢাকা।
২। পরিচালক (সকল),ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড,ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব,প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়,ঢাকা।
৪। উপপরিচালক (সকল),ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড,ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট,ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড,ঢাকা।
৬। সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড,ঢাকা।
৭। উপসহকারী পরিচালক (সকল),ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড,ঢাকা।
৮। সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (নেটওয়ার্ক), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা। [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
৯। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী,ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড,ঢাকা।
১০। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী,ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড,ঢাকা।
১১। অফিস নথি/২০২২।